



# জেলা পরিষদ, নোয়াখালী

জেলা পরিষদ ভবন, সোনাপুর, নোয়াখালী।

স্মারক নং- ৪৬.৪২.৭৫০০.২০২.১০.০০২.

৩২৬৮২

তারিখ ১২.০৮.২০২৪

## আন্তঃ জেলা ফেরিঘাটের নিয়মিত খাস আদায়কারী নির্বাচনের জন্য তাৎক্ষণিক ডাকের পুনঃ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম স্থানীয় সরকার শাখা), চট্টগ্রাম এর স্মারক নং-০৫. ৪২. ২০০০.০৪১. ০৫.০৩২.২৩-৫৩৮,৫৮২, তারিখ-৩১.০৭.২০২৪ মূলে নিম্নোক্ত আন্তঃ জেলা ফেরিঘাট দুটির নিয়মিত খাস আদায়ের নির্দেশনার পরিপ্রেক্ষিতে রাজস্ব আদায়ের স্বার্থে নিয়মিত খাস আদায়ের লক্ষ্যে খাস আদায়কারী নির্বাচনের নিমিত্ত আগামী ২৮.০৮.২০২৪ তারিখ রোজ-বুধবার, সকাল ১১.০০টার সময় নোয়াখালী জেলা পরিষদের সম্মেলন কক্ষে নিয়মিত খাসের টাকা অগ্রিম জমা দানের শর্তে সরাসরি ডাকের মাধ্যমে খাস আদায়কারী নির্বাচন করা হবে। আগ্রহী ডাককারীগণকে জামানত বাবদ প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, নোয়াখালী এর অনুকূলে ১.০০ (এক লক্ষ) টাকার পে-অর্ডার, তিন কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্রসহ উপস্থিত হয়ে ডাকে অংশ গ্রহণ করার জন্য পুনঃ অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, যার ডাক গ্রহণ করা হবে, তার জামানতের টাকা খাস আদায়ের মেয়াদ শেষে ফেরৎ প্রদান করা হবে। যার ডাক গ্রহণ করা হবেনা, তার জামানত ফেরৎ দেয়া হবে। খাস বাবদ আদায়কৃত টাকার উপর বিধি মোতাবেক ১৫% ভ্যাট এবং ১০% উৎসকর অগ্রিম জমা প্রদান করতে হবে।

### আন্তঃ জেলা ফেরিঘাটের বিবরণ

ক্রমিক	ফেরি ঘাটের নাম	সরকারি দর
১	দক্ষিণ চর আলা উদ্দিন-চর পল্লবী হতে সন্দ্বীপ উপজেলার -হরিশপুর-কালাপানিয়া ফেরিঘাট	২১,৯৭,৯০০/-
২	চেয়ারম্যানঘাট (বয়ারচর)-তমরুদ্দি-হাতিয়া ফেরিঘাট	৩,৮৫,০০০/-

মোঃ শামছুল আলম  
সহকারী প্রকৌশলী  
জেলা পরিষদ, নোয়াখালী।

আহবায়ক  
আন্তঃ জেলা ফেরিঘাট এর  
খাস আদায় কমিটি

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ২। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩-৪। জেলা প্রশাসক, নোয়াখালী/চট্টগ্রাম।
- ৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, নোয়াখালী
- ৬-৭। প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ, চট্টগ্রাম/নোয়াখালী।
- ৮-৯। পুলিশ সুপার, নোয়াখালী/ চট্টগ্রাম।
- ১০-১৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ সুবর্ণচর, কোম্পানীগঞ্জ, হাতিয়া, সন্দ্বীপ, নোয়াখালী/চট্টগ্রাম।
- ১৪-১৭। উপজেলা নির্বাহী অফিসার, সুবর্ণচর, কোম্পানীগঞ্জ, হাতিয়া সন্দ্বীপ, নোয়াখালী / চট্টগ্রাম- (রাজস্ব আদায় তথা জনস্বার্থে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ১৮-২১। অফিসার-ইন-চার্জ, কোম্পানীগঞ্জ, চর জব্বর, হাতিয়া, সন্দ্বীপ থানা, নোয়াখালী/চট্টগ্রাম।
- ২২। অফিস নথি।